



## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং-বিঅ-৬/

তারিখ :

বিষয় : অস্থায়ী স্বীকৃতি প্রদান

সূত্র : ২৮-১১-২০১৮ খ্রি. তারিখের বিদ্যালয় মঞ্জুরী কমিটির ৫৩ তম সভার সিদ্ধান্ত।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে উপর্যুক্ত বিষয় ও সূত্রে আপনাকে জানান যাচ্ছে যে, নিম্নবর্ণিত শর্ত/শর্তসমূহ পূরণ সাপেক্ষে ০১-০১-২০১৮ খ্রি. তারিখ হতে ৯ম শ্রেণিতে এবং ০১-০১-২০১৯ খ্রি. তারিখ হতে ১০ম শ্রেণিতে ০৩ (তিনি) বছরের জন্য আপনার বিদ্যালয়টি মাধ্যমিক বিদ্যালয় হিসেবে অস্থায়ী স্বীকৃতি প্রদান করা হ'ল। প্রকাশ থাকে যে, নিম্নে আরোপিত শর্ত/শর্তসমূহ পূর্বক পূর্বক স্বীকৃতির মেয়াদ বৃদ্ধির প্রস্তাব পাওয়া গেলে বিধিমোতাবেক পরবর্তী স্বীকৃতির বিষয় বিবেচিত হবে।

### আরোপিত শর্ত সমূহ :

- ১। প্রতিষ্ঠানের নিজস্ব কম্পিউটার ল্যাব/ কম্পিউটার সচল থাকতে হবে এবং যাবতীয় কার্যক্রম কম্পিউটারের মাধ্যমে সম্পন্ন করতে হবে।
- ২। আগামী এস.এস.সি পরীক্ষায় পাশের হার এবং সংখ্যা কাম্য অংকে উন্নীত করতে হবে।
- ৩। বিদ্যালয়ে পাঁচ সদস্যের আভ্যন্তরীন অডিট কমিটি গঠন পূর্বক প্রতি ছয় মাস অন্তর আয়-ব্যয়ের হিসাব অডিট পূর্বক পরবর্তী স্বীকৃতি নবায়নের সঙ্গে সমুদয় অডিট রিপোর্ট দাখিল করতে হবে। অন্যথায় পরবর্তীতে স্বীকৃতি নবায়ন করা হবেনা। বোর্ড কর্তৃপক্ষ যে কোন সময় উক্ত অডিট রিপোর্ট তলব করবে।
- ৪। শিক্ষক নিয়োগের ক্ষেত্রে মহিলা কোটা অবশ্যই পূরণ করতে হবে।
- ৫। অস্থায়ী স্বীকৃতির প্রত্য ইস্যুর তারিখ হতে আগামী ৯০ (নবই) দিনের মধ্যে বিধি মোতাবেক ম্যানেজিং কমিটি গঠন করে অনুমোদনের জন্য ৩০০০/- ফিসসহ অত্র বোর্ডে দাখিল করতে হবে। যে সকল বিদ্যালয়ে অনুমোদিত ম্যানেজিং কমিটি আছে তাদের ক্ষেত্রে শর্তটি প্রযোজ্য হবে না।
- ৬। সিলেবাস অনুযায়ী বার্ষিক পাঠ পরিকল্পনা প্রণয়ন পূর্বক পাঠদান করতে হবে।
- ৭। বোর্ডের পূর্বানুমতি ছাড়া সংরক্ষিত তহবিলের অর্থ কোন ক্রমেই উত্তোলন করা যাবেনা।
- ৮। জাতীয় দিবসসমূহ উদ্যাপন এবং গ্রীড়া ও সাংস্কৃতিক কর্মকাণ্ডের আয়োজন করতে হবে।
- ৯। বিদ্যালয়ের ছাত্র/ছাত্রীদের লেখাপড়ার মান উন্নয়ন করতে হবে।
- ১০। কন্ট্রিভিউটরি প্রতিভেন্ড ফাল্ড শিক্ষক-কর্মচারীবৃন্দের বিধিমোতাবেক যে পরিমাণ চাঁদা কর্তন করবেন ক্ষেত্রে কর্তৃপক্ষ সম্পরিমান অর্থ সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারীর তহবিলে জমা করবেন।

ড. বিশ্বাস শাহিন আহমদ  
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর।  
ফোনঃ ০৪২১- ৬৮৬৩০৮

প্রধান শিক্ষক  
শিয়রবর আজিজ-আশরাফ মাধ্যমিক বিদ্যালয়(১৩১১৪৬)  
ডাকঘরঃ শিয়রবর, উপজেলা : লোহাগড়া, জেলা : নড়াইল

স্মারক নং-বিঅ-৬/ ৪৮৭২ (২-২)

তারিখ : ২৮/১১/১৮

জ্ঞাতার্থে অনুলিপি প্রেরিত হল :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ২। পরিচালক, ব্যান্ডেইস, শিক্ষা মন্ত্রণালয়, ১ নং সোনারগাঁও রোড, পলাশী নীলক্ষেত, ঢাকা-১২০৫
- ৩। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা
- ৪। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর। পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধসহ
- ৫। জেলা শিক্ষা অফিসার, নড়াইল
- ৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লোহাগড়া, নড়াইল
- ৭। মাধ্যমিক নিবন্ধন বিভাগ, অত্র বোর্ড
- ৮। মাধ্যমিক পরীক্ষা বিভাগ, অত্র বোর্ড
- ৯। সংরক্ষণ নথি

বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর।

১৪/১১/১৮